

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়  
কমলগঞ্জ, মৌলভীবাজার।  
[www.dls.kamolganj.moulvibazar.gov.bd](http://www.dls.kamolganj.moulvibazar.gov.bd)

স্মারক নং ৩৩.০১.৫৮৫৬.০০০.১১.০১৭.১৯-২৯৯

তারিখঃ ০৪ আগষ্ট ২০১৯ খ্রি.

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর জাতীয়তা, জাতীয় পরিচয় পত্র নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আশ্রমীদের আগামী ২২/০৮/২০১৯ ইং তারিখ বিকাল ৫টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।  
( আবেদনপত্রের নমুনা সংযুক্ত)

উল্লেখ্য, কমলগঞ্জ উপজেলায় শুধুমাত্র নিম্নোক্ত ০৮ টি ইউনিয়নসমূহে Livestock Service Provider (LSP) নিয়োগ প্রদান করা হবে:-

১। রহিমপুর ইউনিয়ন ২। পতনউষার ইউনিয়ন ৩। মুন্সিবাজার ইউনিয়ন ৪। শমসেরনগর ইউনিয়ন ৫। কমলগঞ্জ ইউনিয়ন ৬। আলীনগর ইউনিয়ন ৭। মাধবপুর ইউনিয়ন ৮। ইসলামপুর ইউনিয়ন

( কমলগঞ্জ পৌরসভা এবং আদমপুর ইউনিয়নের কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। উক্ত ইউনিয়ন এবং পৌরসভায় অত্রদপ্তরের কর্মরত কর্মচারীরা প্রকল্পের যাবতীয় কার্যাবলী সম্পাদন করবেন। )

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ-

১. সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/অথবা এনএটিপি এর সীলদের আবেদন করার প্রয়োজন নেই।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
২. উপজেলা কৃষি অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।

  
০৪/০৮/১৯  
(ডাঃ মোহাম্মদ আব্দুস শহিদ হোসেন)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
কমলগঞ্জ, মৌলভীবাজার।  
[kamalganjulo@gmail.com](mailto:kamalganjulo@gmail.com)  
ফোন-০৮৬২৩-৫৬০৩৮

অনুলিপিঃ

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।

## আবেদনপত্রের নমুনা

বরাবর,

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,

মৌলভীবাজার।

বিষয়ঃ লাইভস্টক সার্ভিস প্রোপাইডার Livestock Service Provider (LSP) পদে নিয়োগের আবেদন।

আবেদনকৃত ইউনিয়নের নাম :

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট এর লাইভস্টক সার্ভিস প্রোপাইডার Livestock Service Provider (LSP) পদে নিয়োগ পেতে আশ্রহী। তাই নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করলামঃ-

১. নামঃ
২. পিতার নামঃ
৩. মাতার নামঃ
৪. বর্তমান ঠিকানাঃ
৫. স্থায়ী ঠিকানাঃ
৬. মোবাইল নম্বরঃ
৭. জাতীয়তাঃ
৮. জাতীয় পরিচয়পত্র নম্বরঃ
৯. জন্ম তারিখঃ
১০. বৈবাহিক অবস্থাঃ
১১. শিক্ষাগত যোগ্যতাঃ
১২. প্রশিক্ষন ( যদি থাকে)ঃ
১৩. অভিজ্ঞতা (যদি থাকে)ঃ

অতএব, আমাকে উল্লেখিত পদে নিয়োগদানের জন্য আবেদন জানাচ্ছি।

স্বাক্ষর

নামঃ

তারিখঃ

সংযুক্তিঃ

১. স্থায়ী ঠিকানার প্রমানস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সনদপত্র।
২. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
৩. শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্রের জন্য সকল সনদপত্রের সত্যায়িত কপি।
৪. প্রশিক্ষন ( যদি থাকে) এর সত্যায়িত সনদপত্র।
৫. অভিজ্ঞতা (যদি থাকে) এর সনদপত্র।
৬. ০২ ( দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ( সত্যায়িত)।